৩৬ ৩।

দৈনিক ইত্তেফাক

তারিখ 05 MAY 1993
পৃষ্ঠা ২ কলাম ৭

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘ ইউনিটে ভর্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক, খ, ও গ ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া ভর্তি হওয়া অপেক্ষাকৃত সহজ। কিন্তু যাহারা বিভাগ বদল করিয়া 'ঘ' ইউনিটের মাধ্যমে ভর্তি হইতে চায় তাহাদের বেলায় ভর্তি হওয়াটা যথেষ্ট কষ্টকর ব্যাপার। সামাজিক বিজ্ঞান অনুষদের জনৈক কর্মচারীর কাছে শুনিলাম যাহারা উচ্চ মাধ্যমিক পর্যায়ের গ্রুপ বদল করিয়া অন্য বিভাগে ভর্তি হইতে চায় তাহাদের জন্য কোন গ্রুপেই আসন সংরক্ষিত নাই এবং ভাল ফলাফলের কারণে বিজ্ঞান বিভাগ হইতে আগত প্রার্থীদেরই আগে সাক্ষাৎকার গ্রহণ করা হইবে। ফলে বিজ্ঞান বিভাগের ছাত্ররাই আগে সকল ভাল বিভাগে ভর্তির সুযোগ পাইবে। যদি এ ব্যবস্থা চালু থাকে তাহা হইলে বাণিজ্য বা অন্য বিভাগ হইতে আগত প্রার্থীদের উপর অবিচারই করা হইবে।

তাই যাহারা 'ঘ' ইউনিটের মাধ্যমে ভর্তি হইতে চায় তাহাদের জন্য বিভাগ ওয়ারী ভিত্তিতে সংরক্ষিত আসন ব্যবস্থা প্রচলনের জন্য সামাজিক বিজ্ঞান অনুষদের ডীনকে বিশেষভাবে অনুরোধ করিতেছি।

—মোঃ নোমানুল বশীর, চাঁদপুর সরকারী কলেজ, চাঁদপুর।